

ইসলামী বিশ্ববিদ্যালয়ের ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) শ্রেণির ১ম বর্ষের ভর্তি পরীক্ষার আবেদন প্রক্রিয়া মঙ্গলবার রাত ১২টায় শেষ হয়েছে। এ বছর মোট ২৩০৫টি আসনের বিপরীতে ৬১ হাজার ৯৪২ জন ভর্তিচ্ছু আবেদন করেছে। প্রতি আসনের বিপরীতে লড়বে ২৭ জন শিক্ষার্থী।

গতকাল বুধবার দুপুরে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার টেকনিক্যাল উপ-কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. পরেশ চন্দ্র বর্মন বিষয়টি নিশ্চিত করেছেন। তিনি জানান এ বছর আটটি অনুষদের অধীনে মোট চারটি ইউনিটে ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। সে অনুযায়ী, ধর্মতত্ত্ব তথা 'এ' ইউনিটে ২৪০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে ২ হাজার ২২৩টি।

মানবিক, সামাজিক বিজ্ঞান ও আইন তথা 'বি' ইউনিটে ১ হাজার ৬৫টি আসনের বিপরীতে আবেদন করেছেন ২৭ হাজার ৬৩৭ জন, ব্যবসায় প্রশাসন তথা 'সি' ইউনিটে ৪৫০টি আসনের বিপরীতে আবেদন করেছে ৮ হাজার ৯৩০ জন, বিজ্ঞান ও ইঞ্জিনিয়ারিং তথা 'ডি' ইউনিটে ৫৫০টি আসনের বিপরীতে আবেদন জমা পড়েছে মোট ২৩ হাজার ১৫২টি।

ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ডাউনলোড প্রক্রিয়া আগামী ১৬ অক্টোবর থেকে ২ নভেম্বর রাত ১২টা পর্যন্ত চলবে। ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ৪ থেকে ৮ নভেম্বর। উল্লেখ্য, ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [ডি.ডি.ডি.পি.নফ](http://www.dainikamadershomoy.com) থেকে জানা যাবে।